

মাইনিং ব্যারন জনার্দন রেড্ডির খোঁজ পাচ্ছে না পুলিশ, রাজনৈতিক যোগাযোগের কথা অস্বীকার কংগ্রেস-বিজেপির

বেঙ্গালুরু, ৮ নভেম্বর : বেল্লারি লোকসভার উপনির্বাচনের ফলাফল বের হওয়ার পর থেকেই নাকি পুলিশ খুঁজে পাচ্ছে না মাইনিং ব্যারন এবং প্রাক্তন মন্ত্রী জি জনার্দন রেড্ডিকে। তাঁর এই তথাকথিক অন্তর্ধান নিয়ে জল্পনা যত জোরদার হচ্ছে, ততই বিপাকে পড়ছে কংগ্রেস ও বিজেপি। কর্নাটকে এই প্রধান দুই দলই জানিয়েছে, তাদের সঙ্গে জনার্দন রেড্ডির নাকি কোনওকালেই কোনও রাজনৈতিক যোগাযোগ ছিল না। ফলে পুলিশও পড়েছে ফাঁপড়ে।

কংগ্রেস-জেডিএস সরকার তাঁর লক্ষ্য হয়ে উঠেছে মানতে রাজি নন বিজেপি নেতা ও রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী বি এস ইয়েদুরাপ্পা। সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে বিজেপি নেতা ও রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী বলেছেন, সবকিছু আইন মেনে করা উচিত অর্থাৎ পুলিশকে এড়িয়ে যাওয়া যে জনার্দন রেড্ডির উচিত হচ্ছে না সেকথাই বলতে চেয়েছেন ইয়েদুরাপ্পা। এই জনার্দন রেড্ডির মেয়ের বিয়েতে বিশাল অর্থ খরচ হয়। মণ্ডপটি সাজানো হয়েছিল দক্ষিণ ভারতের একটি গ্রামের অনুকরণে। কী পরিমাণ উপঢৌকন দেওয়া হয় তা সহজেই অনুমেয়। বিজেপির বহু নেতাই এই বিয়েতে হাজির ছিলেন। কংগ্রেসের একাধিক নেতাও বিয়েতে হাজির ছিলেন বলে অভিযোগ। যদিও এখন দু'পক্ষই জনার্দন রেড্ডির সঙ্গে তাদের কোনও রাজনৈতিক সম্পর্ক নেই বলে দাবি করছে।

কংগ্রেসের হস্তক্ষেপেই রেড্ডির গায়ে পুলিশ হাত দিতে পারছে না বলেও মনে করা হচ্ছে। যদিও কর্নাটকের মন্ত্রী এবং সিনিয়র কংগ্রেস নেতা ডি কে শিবকুমার বলেছেন, ডি জনার্দন রেড্ডির বিরুদ্ধে লুক-আউট নোটিস জারির ক্ষেত্রে রাজ্য সরকার কোনও হস্তপেক্ষ করেনি। দীর্ঘদিন ধরে তার বিরুদ্ধে পুলিশি তদন্ত চলছে। এই তদন্ত নিয়ে রাজ্য সরকারের কিছুই করার নেই। জনার্দন রেড্ডি একজন বিজেপি নেতা। সেই কারণেই রাজ্য সরকার এই ঘটনায় হস্তক্ষেপ করতে চায় না। আইন তার নিজের পথেই চলবে বলে দাবি করেছেন শিব কুমার।

প্রসঙ্গত, বেল্লারি লোকসভা কেন্দ্রে বিজেপি প্রার্থী জে সান্তা হেরে গিয়েছেন। তিনি জনার্দন রেড্ডির ঘনিষ্ঠ শ্রীরামালুর বোন। এই কেন্দ্রের ফলাফল প্রকাশের একদিন পরেই পুলিশ জানিয়েছে, তারা রেড্ডির সন্ধানে লুক-আউট নোটিস জারি করছে। পুলিশের অতিরিক্ত কমিশনার অলোক কুমারের দাবি, গত ২০ দিন ধরে পুলিশের টিম তাঁকে খুঁজে বের করতে চেষ্টা করছে। কিন্তু উপনির্বাচন থাকায় তারা পূর্ণোদ্যমে নামতে পারেনি। উল্লেখ্য, জনার্দন রেড্ডি পূর্বতন বিজেপি সরকারের মন্ত্রী ছিলেন। ২০১১ সালে বহু কোটি টাকা বেআইনি খনি কেলেঙ্কারিতে জড়িয়ে পড়ায় সিবিআই তাঁকে গ্রেফতার করে। তিন বছর পর তিনি জামিন পান। জনার্দন রেড্ডিকে ধরার জন্য পুলিশের লুক-আউট নোটিসের কথা বলতে গিয়ে শ্রীরামালু দাবি করেছেন, রেড্ডির ঠায়ঠিকানা তাঁর জানা নেই। তিনি এখন কোথায় আছেন তা-ও তিনি জানেন না। মন্ত্রী আরও বলেছেন, তাঁর কাছে যাবতীয় তথ্য এই মুহূর্তে নেই। কিন্তু যেটুকু তথ্য আছে তা দিয়েই বলা যায়, পুলিশকে সবরকম সাহায্য করবেন তাঁরা। জনার্দন রেড্ডিকে কেন গ্রেফতার করা হচ্ছে না, তা নিয়ে প্রশ্ন তুলেছে অন্য বিরোধী দলগুলিও।

আদবানির ৯১তম জন্মদিনে প্রধানমন্ত্রীর শুভেচ্ছা

নয়াদিল্লি, ৮ নভেম্বর : প্রবীণ বিজেপি নেতা লালকৃষ্ণ আদবানি বৃহস্পতিবার ৯১ বছরে পা দিলেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জন্মদিনের শুভেচ্ছা জানান আদবানিকে। নিঃস্বার্থ, উদার হৃদয় বলে সম্বোধন করেন প্রবীণ নেতাকে। দেশের রাজনীতিতে তাঁর প্রভাব অপূরণীয় বলেও মন্তব্য করেন তিনি। প্রবীণ নেতা আদবানির দীর্ঘ জীবন এবং সুস্বাস্থ্য কামনা করেছেন প্রধানমন্ত্রী। ১৯২৭ সালের ৮ নভেম্বর করাচিতে (এখন পাকিস্তান) লাল কৃষ্ণ আদবানির জন্ম। ভারতীয় জনতা পার্টির তিনি অন্যতম প্রতিষ্ঠাতা নেতা। ২০০২ থেকে ২০০৪ পর্যন্ত অটল বিহারী বাজপেয়ীর নেতৃত্বাধীন মন্ত্রিসভায় তিনি ছিলেন উপপ্রধানমন্ত্রী। দেশের শেষ উপপ্রধানমন্ত্রী তিনি। এছাড়া ১৯৭৮ থেকে ২০০৪ পর্যন্ত আদবানি ছিলেন স্বরাষ্ট্রমন্ত্রী। ২০১৫ সালে তাঁকে দেওয়া হয় দেশের দ্বিতীয় বৃহত্তম অসামরিক সম্মান পদ্মবিভূষণ। ভারতের উন্নয়নে আদবানির বিরাট অবদানকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করে প্রধানমন্ত্রী বলেছেন, জনগণবান্ধব নীতি এবং সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে তিনি পথিকৃৎ। রাজনৈতিক ক্ষেত্রে তাঁর প্রজ্ঞা শ্রদ্ধার সঙ্গে মনে রাখা হয়। ভারতীয় রাজনীতিকে আদবানিজির প্রভাব অপরিসীম।

হায়দরাবাদ মেট্রো স্টেশনে আত্মঘাতী

হায়দরাবাদ, ৮ নভেম্বর : হায়দরাবাদ মেট্রো স্টেশনে বৃহস্পতিবার অজ্ঞাতপরিচয় এক ব্যক্তি ট্রেনের সামনে লাফিয়ে পড়ে। হায়দরাবাদের অমর পেট মেট্রো স্টেশনে এই ঘটনাটি ঘটে।

জার্ডিন হ্যান্ডারসন লিমিটেড

৪, ডঃ রাজেন্দ্রপ্রসাদ সরণী, কলকাতা-৭০০০০১,
ফোন: (০৩৩) ২২৩০-৪৩৫১/ফ্যাক্স: (০৩৩) ২২৩০ ৭৫৫৫
CIN:L51909WB1947PLC014515
Email Id:jardines.companysecretary@gmail.com,
Website: www.jardinehenderson.com,

৩০ সেপ্টেম্বর, ২০১৮ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণী

(লক্ষ টাকায়)

ক্রমিক সংখ্যা	বিবরণ	সমাপ্ত ৩ মাস ৩০.০৯.২০১৮ অনিরীক্ষিত	সমাপ্ত ৯ মাস ৩০.০৯.২০১৭ অনিরীক্ষিত
১	মোট আয় কাজের থেকে	৪৮১.৮২	৫০৩.৯৪
২	নিট লাভ / (ক্ষতি) সময়কালীন (কর, ব্যতিক্রমী বিষয় এবং অতিরিক্ত সাধারণ বিষয়ের পূর্বে)	৬০.৫৫	(৪১.০৪)
৩	নিট লাভ / (ক্ষতি) সময়কালীন (কর, ব্যতিক্রমী বিষয় এবং অতিরিক্ত সাধারণ বিষয়ের পরে)	৬০.৫৫	(৪১.০৪)
৪	মোট তুলনীয় আয় সময়কালীন	৫৩.১৬	(৩৭.৬১)
৫	আদায়দত্ত শেয়ার মূলধন	২০০.০০	২০০.০০
৬	শেয়ার প্রতি আয় (ব্যতিক্রমী বিষয়ের পরে) (প্রতিটির মূল্য ১০০টাকা) মূল ও মিশ্র	৩০.২৭	(২০.৫২)

দ্রষ্টব্য:-
১. উপরিউক্ত আর্থিক ফলাফলগুলি নির্ধারণ করা হয়েছে আইএনডিএএস নোটিফিকেশন অনুসারে যা রুলস ২০১৫ অনুসারে (ইন্ডিয়ান অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ড) বিভিন্ন সময়ে সংশোধিত হয়েছে।
২. বিলম্বিত কর এবং চলতি করের সংস্থান বছরের শেষে নির্ধারণ করা হয়নি মেটেরিয়ালের মধ্যে।
৩. একক আর্থিক ফলাফলগুলি কোম্পানির বিধিবদ্ধ নিরীক্ষক দ্বারা সংক্ষিপ্তাকারে পর্যালোচিত এবং ৮ নভেম্বর ২০১৮ তারিখে নিরীক্ষক কমিটি দ্বারা পর্যালোচিত।
৪. উপরিউক্ত আর্থিক ফলাফলের বিবরণীর মধ্যে সমাপ্ত ত্রৈমাসিকের বিবরণীতে স্টক এক্সচেঞ্জের রেগুলেশন ৩৩ অফ দি সেবি (ক্ষেত্রীয় দায় এবং ব্যাখ্যামূলক বিবরণী) রেগুলেশন ২০১৫ অনুসারে নির্ধারিত করা হয়েছে। ত্রৈমাসিকের আর্থিক ফলাফলের বিবরণী দেখা যাবে কোম্পানির ওয়েবসাইট :www.jardineherderson.com
৫. পূর্ববর্তী বছরের অর্থাঙ্কগুলি প্রয়োজন অনুসারে পুনঃসজ্জিত/পুনঃমুদ্রিত করা হয়েছে।

জার্ডিন হ্যান্ডারসন লিঃ
(রাকেশ ম্যাকওয়ান)
ম্যানেজিং ডিরেক্টর
DIN: 01328442
স্থান: কলকাতা
তারিখ : ৮ নভেম্বর, ২০১৮

জে জে ফিনান্স কর্পোরেশন লিমিটেড

CIN:L65921WB1982PLC035092
রেজি অফিস: ৩সি, পার্ক প্লাজা, ৭১, পার্ক স্ট্রিট, কলকাতা-৭০০০১৬
ফোন: (০৩৩) ২২২৯-৬০০০, ফ্যাক্স: (০৩৩)২২২৯-১০৮৯
ওয়েবসাইট: www.jjfc.co.in
E-mail: jjfc@jjauto.org

৩০ শে সেপ্টেম্বর, ২০১৮ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের এবং অর্ধবর্ষের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের একক বিবরণী

(লক্ষ ₹)

বি ব রণ	সমাপ্ত ত্রৈমাসিক ৩০.০৯.২০১৮ অনিরীক্ষিত	সমাপ্ত অর্ধবর্ষের ৩০.০৯.২০১৮ অনিরীক্ষিত	সমাপ্ত ত্রৈমাসিক ৩০.০৯.২০১৭ অনিরীক্ষিত
১. মোট কাজের থেকে আয়	২৩.৩২	৪১.৬০	৭৪.৩৮
২. নিট লাভ/(ক্ষতি) সময়কালীন (কর এবং ব্যতিক্রমী বিষয়ের পূর্বে)	১৬.৪২	২৮.৬৯	৬৮.৮০
৩. নিট লাভ/(ক্ষতি) সময়কালীন করের পূর্বে (ব্যতিক্রমী বিষয়ের পরে)	১৬.৪২	২৮.৬৯	৬৮.৮০
৪. নিট লাভ/(ক্ষতি) সময়কালীন করের পরে (ব্যতিক্রমী বিষয়ের পরে)	১৩.২৮	২৩.১৬	৫৬.০৫
৫. ইক্যুইটি শেয়ার মূলধন	২৮২.০০	২৮২.০০	২৮২.০০
৬. সংরক্ষণ (পুনর্মূল্যায়ন ব্যতীত সংরক্ষণ) নিরীক্ষিত পূর্ববর্তী বছরের ব্যালেন্সশিট অনুসারে	-	-	-
৭. ইক্যুইটি শেয়ার প্রতি আয় (প্রতিটির মূল ₹ ১০/-)			
-মূল (₹)	০.৪৭	০.৮২	১.৯৯
-মিশ্র (₹)	০.৪৭	০.৮২	১.৯৯

দ্রষ্টব্য:
৩০শে সেপ্টেম্বর, ২০১৮ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং অর্ধবর্ষের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণী সেবি (ক্ষেত্রীয় দায় ও ব্যাখ্যামূলক বিবরণী) রেগুলেশন্স, ২০১৫-এর রেগুলেশন্স ৩৩-এর অধীনে স্টক এক্সচেঞ্জগুলিতে দাখিল করা ত্রৈমাসিক/অর্ধবর্ষের অনিরীক্ষিত ফলাফলের বিশদ বিবরণী সারাংশ হল উপরিউক্ত আর্থিক ফলাফল। ত্রৈমাসিক/অর্ধবর্ষের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবৃতির সম্পূর্ণ অংশের বয়ান স্টক এক্সচেঞ্জগুলির ওয়েবসাইট বা কোম্পানির ওয়েবসাইটে পাওয়া যাবে।
সিএসই লিমিটেডঃ www.cse-india.com
বিএসই লিমিটেডঃ www.bseindia.com
কোম্পানির ওয়েবসাইটঃ www.jjfc.co.in

জে জে ফিনান্স কর্পোরেশন লিমিটেড-পরিচালক পর্ষদের পক্ষে
স্বাঃ/-
অনিল ঝুনঝুনওয়ালা
ডিরেক্টর (ডিন: ০০১২৮৭১৭)
স্থানঃ কলকাতা
তারিখঃ ০৮ই নভেম্বর, ২০১৮

গুজরাট মেটালিক কোল অ্যান্ড কোক লিমিটেড

CIN :L24208WB1992PLC054815
রেজি অফিস : ১৫৫, লেনিন সরণী, রুম নং.৪০২, পঞ্চম তল
কলকাতা-৭০০০১৩ টেলিফ্যাক্স : ০৩৩ ২২১৫ ৫৮৯৯
E-mail: info@gujaratmetallic.com

বিজ্ঞপ্তি

ক্ষেত্রীয় তালিকাভুক্ত চুক্তির রেগুলেশন ২৯ এর সঙ্গে পঠনীয় রেগুলেশন ৪৭ অফ সেবি (ক্ষেত্রীয় দায় এবং ব্যাখ্যামূলক বিবরণী) রেগুলেশন ২০১৫ অনুসারে বিজ্ঞাপিত করা হচ্ছে যে, ৩০ সেপ্টেম্বর সমাপ্ত ত্রৈমাসিকের ও অর্ধবর্ষের অনিরীক্ষিত আর্থিক ফলাফল আলোচনা ও অনুমোদনের জন্য ১৪ নভেম্বর, ২০১৮ তারিখে পরিচালকবর্গের একটি সভা অনুষ্ঠিত হবে।
উক্ত বিজ্ঞপ্তির তথ্য পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইট এবং স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইটে অর্থাৎ www.bseindia.com-এ।

গুজরাত মেটালিক কোল অ্যান্ড কোক লিমিটেডের পক্ষে
জে পি লাহোটি
কোম্পানি সেক্রেটারি
স্থান : কলকাতা
তারিখ : ০৮.১১.২০১৮

ব্রহ্মানন্দ হিমঘর লিমিটেড

CIN :L29248WB1990PLZ049290
রেজি অফিস : গ্রাম-চিকুয়াসোল, পোঃ : যোগেরডাঙ্গা, থানা : গোয়ালতোড়, পশ্চিম মেদিনীপুর, পশ্চিমবঙ্গ-৭২১১২১।
E-mail:grajgroup@gmail.com

বিজ্ঞপ্তি

স্টক এক্সচেঞ্জের ক্ষেত্রীয় তালিকাভুক্ত চুক্তি অনুসারে ৩০.০৯.২০১৮ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের এবং অর্ধবর্ষের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণী আলোচনা ও অনুমোদনের জন্য ১৪ নভেম্বর ২০১৮ তারিখে দুপুর ২.৩০ মিনিটে পরিচালকবর্গের একটি সভা অনুষ্ঠিত হবে।

ব্রহ্মানন্দ হিমঘর লিমিটেডের পক্ষে
শালিনী কুমারী আগরওয়াল
কোম্পানি সেক্রেটারি
স্থান : মেদিনীপুর
তারিখ : ০৫.০৯.২০১৮

ওয়েবসল এনার্জি সিস্টেম লিমিটেড

CIN :L29307WB1990PLC048350
রেজি অফিস : ৪৮, প্রমথ চৌধুরি সরণী, প্লট নং.৮৪৯, ব্লক-পি, তৃতীয় তল, কলকাতা-৭০০০৫৩, নিউ আলিপুর,
ফোন : (০৩৩) ২৪০০ -০৪১৯, ফ্যাক্স : ২৪০০-০৩৭৫
বাণিজ্যিক অফিস ও কারখানা : সেক্টর-II, ফলতা স্পেশাল ইকোনমিক জোন, ফলতা, ২৪ পরগনা (দক্ষিণ), পিন-৭৪৩৫০৪, পশ্চিমবঙ্গ, ভারত,
ফোন: ০৩১৭৪-২২২৯৩২, ফ্যাক্স : ০৩১৭৪-২২২৯৩৩
Website: www.webelsolar.com

৩০ সেপ্টেম্বর ২০১৮ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের এবং অর্ধবর্ষের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণী আলোচনা ও অনুমোদনের জন্য পরিচালকমণ্ডলীর বৈঠক এবং ব্যবসায়িক জানালা বন্ধ ও খোলার বিজ্ঞপ্তি

আমরা সকলের জ্ঞাতার্থে এই তথ্য জানিয়ে আনন্দিত হচ্ছি যে, ৩০.০৯.২০১৮ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণী আলোচনা ও অনুমোদনের জন্য ১৪.১১.২০১৮ তারিখে রেজিস্টার্ড অফিসে কোম্পানির পরিচালকবর্গের একটি সভা অনুষ্ঠিত হবে।
ক্ষেত্রীয় তালিকাভুক্ত চুক্তি অনুসারে সেবির (ক্ষেত্রীয় দায় এবং অভ্যন্তরীণ বিবরণী) (রেগুলেশন ২০১৫ অনুসারে) ১৫.৫.২০১৫ তারিখ থেকে ব্যবসায়িক লেনদেন ইক্যুইটি শেয়ারের ক্ষেত্রে ডিরেক্টর এবং অনুমোদিত ব্যক্তিদের জন্য ৯.১১.২০১৮ তারিখ থেকে পরবর্তী ৪৮ ঘণ্টা বন্ধ থাকবে [illegible] সকলের জ্ঞাতার্থে উক্ত তথ্য জানানো হচ্ছে।

ওয়েবসল এনার্জি সিস্টেম লিমিটেডের পক্ষে
স্বাঃ/- সীমা ঝুনঝুনওয়ালা
ডিরেক্টর
স্থান : কলকাতা
তারিখ : ০৮.১১.২০১৮

এশিয়ান টি অ্যান্ড এক্সপোর্টস লিমিটেড

(CIN :L24219WB1987PLC041876)
রেজিস্টার্ড অফিস : ৪/১, মিডলটন স্ট্রিট, কলকাতা-৭০০৭১
Email:anand@asianteaexports.com
Website: www.asianteaexports.com
ফোন : ০৩৩-৪০০৬-৩৬০১, ফ্যাক্স : ০৩৩-২২৮০ [illegible]

বিজ্ঞপ্তি

ক্ষেত্রীয় তালিকাভুক্ত চুক্তির রেগুলেশন ২৯ অফ সেবি (ক্ষেত্রীয় দায় এবং ব্যাখ্যামূলক বিবরণী) রেগুলেশন ২০১৫ অনুসারে এতদ্দারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে, ৩০ সেপ্টেম্বর, ২০১৮ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের এবং অর্ধবর্ষের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণী আলোচনা ও অনুমোদনের জন্য ১৪ নভেম্বর, ২০১৮ তারিখে বিকেল ৪টেয় পরিচালকবর্গের একটি সভা অনুষ্ঠিত হবে।
সিকিউরিটিজ এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (ক্ষেত্রীয় দায় ও অভ্যন্তরীণ ব্যবসা) রেগুলেশন ২০১৫ অনুসারে ব্যবসায়িক জানালা ৮ নভেম্বর, ২০১৮ তারিখ থেকে ১৬ নভেম্বর ২০১৮ (উভয়দিন সহ) অর্থাৎ ফলাফল ঘোষিত হওয়ার ৪৮ ঘণ্টা পর পর্যন্ত স্টক এক্সচেঞ্জের ফলাফলের বিবরণী দেওয়া পর্যন্ত সমস্ত পরিচালকমণ্ডলী এবং অনুমোদিত কর্মীদের জন্য সিকিউরিটিজের ব্যবসায়িক লেনদেনের জানালা বন্ধ থাকবে।

এশিয়ান টি অ্যান্ড এক্সপোর্টস লিমিটেডের পক্ষে
রাশি নাগোরি
কোম্পানি সেক্রেটারি
স্থান : কলকাতা
তারিখ : ০৭.১১.২০১৮

বিজেপির পর এবার শহরের নাম পরিবর্তন চাইছে শিবসেনাও

আহমেদাবাদে বুধবার দিওয়ালি উপলক্ষে একটি মন্দিরে অন্নকূট উৎসবের আয়োজন ভক্তদের।

মুম্বই, ৮ নভেম্বর : ভোটদাতাদের কাছে টানতে ছোট থেকে বড় শহরের নাম পরিবর্তন রাজনৈতিক দলগুলির এখনও পর্যন্ত সর্বশেষ উদ্যোগ। উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ বুধবারই এলাহাবাদ এবং ফৈজাবাদের নাম পরিবর্তন করে প্রয়াগ রাজ ও অযোধ্যা বলে ঘোষণা করেছেন। ঠিক তার একদিন পরেই বিজেপির প্রাক্তন জোটসঙ্গী শিবসেনা মহারাষ্ট্রের দু'টি শহরের নাম পরিবর্তনের দাবি জানাল। বিজেপিকে কথায় কথায় আক্রমণ করে শিবসেনা। শহরের নাম পরিবর্তনের দাবি আদায়ে কিন্তু তাঁরা বিজেপিরই পথ অনুসরণ শুরু করল। মহারাষ্ট্রের ঔরঙ্গাবাদের নাম পরিবর্তন করে শম্ভাজি নগর এবং ওসমানাবাদের নাম পরিবর্তন করে ধারাশিব রাখার দাবি করেছে। দলের অবশ্য দাবি, তারা মোটেই বিজেপিকে দেখে অনুপ্রাণিত হয়নি। দীর্ঘদিন ধরেই মহারাষ্ট্রের এই দুই শহরের নাম পরিবর্তনের দাবি জানিয়ে আসছে। শিবসেনার নেত্রী মনীশা কায়ান্দে সাংবাদিকদের কাছে দাবিটি করেছেন। কেন এতদিন ওই দুই শহরের নাম পরিবর্তন হয়নি সেই প্রশ্নের উত্তরে মনীশা জানিয়েছেন, এজন্য দায়ী কংগ্রেস এবং ন্যাশনালিস্ট কংগ্রেস পার্টি (এনসিপি) ও এই দুই দলের বাধাদানের ফলে ঔরঙ্গাবাদ ও ওসমানাবাদের নাম পরিবর্তন এতদিন সম্ভব হয়নি। কারণ ওই দুই দলই সবসময় ভোটব্যাঙ্কের রাজনীতি করে। তাই একাধিকবার দুই শহরের নাম পরিবর্তনের দাবি তুললেও কংগ্রেস ও এনসিবি মুসলিম ভোটদাতাদের বিরোধিতা করায় তার রূপায়ণ সম্ভব হয়নি বলেও দাবি করেছেন কায়ান্দে। প্রসঙ্গত, উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ অযোধ্যায় দীপোৎসব ২০১৮ কর্মসূচিতে যোগ দিয়েই এলাহাবাদ ও ফৈজাবাদের নাম পরিবর্তনের কথা ঘোষণা করেন। যোগী দাবি করেন, ফৈজাবাদ জেলা পবিত্র শহর। কারণ এই শহর ভগবান রামচন্দ্রের জন্মভূমি। সুতরাং ফৈজাবাদের নাম পরিবর্তন আবশ্যিক। জানা গেছে, গুজরাত সরকারও আহমেদাবাদের নাম পরিবর্তন করে কর্ণাবতী রাখার পরিকল্পনা করেছে।

গান্ধিনগরে একটি অনুষ্ঠানে এসে গুজরাতের উপমুখ্যমন্ত্রী নীতিন প্যাটেল সাংবাদিকদের জানিয়েছেন, আহমেদাবাদের নাম পরিবর্তন নিয়ে যেসব আইনি বাধা আছে তা পার হতে সরকার যা যা করা সম্ভব সবই করবে। জনসাধারণের সমর্থন রয়েছে নাম পরিবর্তনে বলে দাবি করেছেন প্যাটেল। এর আগে মুম্বই, চেন্নাই, পণ্ডীচেরি সহ বেশকিছু শহরের নাম পরিবর্তন হয়েছে। কাজেই এখনও নাম পরিবর্তন করতে কোনও বাধা আছে বলে মনে করেন না তিনি। যদিও কংগ্রেসের দাবি, ঐতিহাসিক কারণেই একসময় কিছু বড় শহরের নাম পরিবর্তন করা হয়। কিন্তু বিজেপি সরকার যেভাবে নাম পরিবর্তন করছে তার সঙ্গে ইতিহাসের কোনও সম্পর্ক নেই। নিছক ধর্মীয় কারণেই তারা শহরের নাম পরিবর্তন করে চলেছে। এজন্য প্রয়োজন হলে আন্দোলনে নামার হুমকিও দিয়েছে তারা।

নোট বাতিলের ২ বছর পূর্তি ও 'ঠগস অফ হিন্দুস্তান'-এর মুক্তি নিছকই সমাপতন, প্রধানমন্ত্রীকে খোঁচা কংগ্রেসের

নয়াদিল্লি, ৮ নভেম্বর : কর্নাটকের উপনির্বাচনে পদ্মচিহ্ন বিধ্বস্ত হয়েছে। জয়জয়কার হাতের। এছাড়া মধ্যপ্রদেশ, রাজস্থান এবং ছত্তিশগড়ের বিধানসভা নির্বাচনের সাম্প্রতিক সমীক্ষা রিপোর্টও বিজেপির বিরুদ্ধে গিয়েছে। ফলে কংগ্রেস এখন অনেকটাই উজ্জীবিত। তার প্রমাণ পাওয়া গেছে বিমুদ্রাকরণের দ্বিতীয় বার্ষিকীতে।

এদিনই মুক্তি পায় 'ঠগস অফ হিন্দুস্তান'। কংগ্রেসের মুখপাত্র মণীশ তিওয়ারি এজন্য রসিকতা করে এনডিএ সরকারের উদ্দেশে বলেছেন, এই দু'টি ঘটনা নেহাতই সমাপতন। কংগ্রেসের এই খোঁচা হজম করতে হচ্ছে বিজেপি নেতাদের, কারণ তার আগেই খবর এসেছে কর্নাটকের উপনির্বাচনে কংগ্রেসের জয়জয়কার হয়েছে। কংগ্রেসের মুখপাত্র মণীশ তিওয়ারি বৃহস্পতিবার ধারাবাহিক ট্যুইট করেন। এইসব ট্যুইটে তিনি নানারকমভাবে খোঁচা দিয়েছেন নরেন্দ্র মোদীর এনডিএ সরকারকে। কখনও তিনি বলেছেন, নরেন্দ্র মোদী নোট বাতিলের সিদ্ধান্ত ছিল তুঘলকি ফরমান। তাঁর অভিযোগ, এই নোট বাতিলের ফলে প্রায় ১০০ মানুষের মৃত্যু হয়। তিওয়ারি বৃহস্পতিবার আর একটি ট্যুইটে বলেছেন, ২০১৬ সালের ৮ নভেম্বর নরেন্দ্র মোদী বিমুদ্রাকরণ বা নোট বাতিলের কথা ঘোষণা করেন।

সরকারের এই নীতি পুরোপুরি ব্যর্থ হয়েছে। ব্যাঙ্কের লাইনে টাকার জন্য দাঁড়াতে গিয়ে শতাধিক মানুষ প্রাণ হারিয়েছেন। এই তুঘলকি ফরমানের দ্বিতীয় বর্ষপূর্তিতে তাই তিওয়ারি সকলকে অন্তত ২ মিনিট নীরবতা পালনের জন্য অনুরোধ করেছেন।

কংগ্রেসের অফিশিসয়াল ট্যুইটারে অভিযোগ করা হয়েছে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী কিছু ধনী বন্ধুর স্বার্থে বিমুদ্রাকরণের নামে এই প্রহসন করা হয়। প্রসঙ্গত, বিরোধী দলগুলি এই দিনটিকে ভারতীয় গণতন্ত্র এবং দেশের অর্থনীতির পক্ষে কালো দিন হিসেবে চিহ্নিত করেছেন। ট্যুইট করে কংগ্রেস বলেছে, নোটবন্দির ফলে যেভাবে মূল্যবৃদ্ধি হয়েছে, যেভাবে আর্থিক ক্ষতি হয়েছে তাতে দেশের প্রত্যেকটি নাগরিক ক্ষতিগ্রস্ত হয়েছেন একমাত্র প্রধানমন্ত্রীর কিছু ধনী বন্ধু ছাড়া।

৮ নভেম্বর দিনটিকে কংগ্রেস 'কালো দিন হিসেবে' পালন করে। তারা ট্যুইট করে জানায়, এর ফল ভোগ করতে হচ্ছে সমগ্র দেশবাসীকে। উল্লেখ্য, গত মার্চে নোটবন্দির ৫০০ দিনের সময়েই কংগ্রেস প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে এই ঘটনার কারণে 'শিপ উইথ হেয়ারব্রেন্ড আইডিয়া' বলে দাবি করেছেন। এদিনও কংগ্রেস নেতারা ট্যুইটারে বিজেপিকে তীব্র আক্রমণ করে বলেছেন, ভারতীয় ইতিহাসে সবচেয়ে বিপর্যয়ের দিনটি ৫০০ দিনে পৌঁছল। এই দিনটির ফলে যারা প্রয়াত হয়েছেন, যারা বিপুল কষ্ট স্বীকার করেছেন, তাঁদের আমরা স্মরণ করি। ঘটনাচক্রে এই দিনই আমির খান, অমিতাভ বচ্চন অভিনীত 'ঠগস অফ হিন্দুস্তান' মুক্তি পেয়েছে। আর এদিনই ছিল নোটবন্দি ঘোষণার দ্বিতীয় বর্ষপূর্তি। স্বভাবতই এমন একটি সুযোগকে হাতছাড়া করতে চায়নি কংগ্রেস। নোটবন্দির দ্বিতীয় বর্ষপূর্তি উপলক্ষে কংগ্রেস এদিন কালা দিবস পালন করে। দেশের সর্বত্র কালা দিবস পালন করতে গিয়ে কংগ্রেস নেতারা তীব্র সমালোচনা করেন বিজেপির। তাঁরা দাবি করেন, শুধুমাত্র নিজেদের কিছু ধনী বন্ধুর স্বার্থে বিজেপি এই কাজ করেছে। অথচ তামাম ভারতের মানুষ প্রধানমন্ত্রীর এই তুঘলকি ফরমানে বিপাকে পড়েছেন। দিনের পর দিন তাদের লাইনে দাঁড়িয়ে টাকা উদ্ধার করতে হয়েছে।

No. 4-6/TR/DHS/B0067/03-04/3991
Andaman & Nicobar Administration
Directorate of Health Services
Port Blair dated the 5 November' 2018

e-TENDER NOTICE

e- Tender is invited for the repairing of following vehicles. The terms and conditions, EMD and other details are laid down in the tender document. Tender documents containing terms and condition may be downloaded from the official website http://eproc.andaman.gov.in of A & N Administration up to 11:00 AM on 20/11/2018.

Regn. No. : AN01/B0067
Tender No.: 4-6/TR/DHS/B0067/03-04/3960 Dt. 2/11/2018
Tender ID : DHS 313
Regn. No. : AN01/D0262
Tender No.: 4-6/TR/DHS/D0262/06-07/3959 Dt. 2/11/2018
Tender ID : DHS 312
Regn. No. : AN01/G0029
Tender No.: 4-6/TR/DHS/G0029/06-07/3961 Dt. 2/11/2018
Tender ID : DHS 314
Regn. No.: AN01/J0021
Tender No.: 4-6/TR/DHS/J0021/13-14/3965 Dt. 2/11/2018
Tender ID : DHS 315
Last Date & Time for submission of tenders / bids online : 20/11/2018, 14:00 hrs
Date & Time of opening of Bid : 20/11/2018, 15:30 hrs
Venue : Conference Hall of DHS

Nodal Officer (Transport)

The e-tender documents have been uploaded in the official website e-procurement of A&N Administration vide tender ID: DHS 313, DHS 312, DHS 314 and DHS 315 respectively (Flag –A, B, C, D).

Hence, it is requested that an e-tender notice pertaining to above vehicles may also be published in the local newspaper.

Accordingly, a fair e-tender notice is prepared and placed in file for signature please.

In-charge (Transport)
Nodal Officer (Transport)

3638/18

প্রকাশক এবং মুদ্রক টি দুর্গা রাও, স্বত্বাধিকারী : আশিষ লাহা, ৯৭/২, এম জি রোড, মিডিল পয়েন্ট, পোর্ট ব্লেয়ার- ৭৪৪ ১০১ থেকে প্রকাশিত এবং ইকো প্রিন্টিং প্রেস, ডলিগঞ্জ, পোর্ট ব্লেয়ার- ৭৪৪ ১০৩ থেকে মুদ্রিত, সম্পাদক : আশিস্ লাহা*(পিআরবি আইন অনুযায়ী প্রকাশিত সমস্ত সংবাদের জন্য দায়বদ্ধ)।
Printed and published by T Durga Rao, owned by Asish Laha and published from 97/2, M. G. Road, Middle Point, Port Blair-744 101 & printed at Echo Printing Press, Dollygunj, Port Blair-744 103. Editor : Asish Laha*(*responsible for selection of news under the PRB Act).